



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইক্ষাটন গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd



“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.২৬.০৫২.২১- ২২২৪

তারিখ: ২৩.০৬.২০২২

বিষয়: “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে কর্মরত ফিল্ড সুপারভাইজারগণের জন্য বরাদ্দকৃত মোটরসাইকেল ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের মাঠ পর্যায়ে কর্মরত ফিল্ড সুপারভাইজারগণের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য জেলা পর্যায়ে ৬৪টি মোটরসাইকেল (পুরুষ ৫৯টি মোটরসাইকেল ও মহিলা ৫টি স্কুটি) ইতোমধ্যে সরবরাহ প্রদান করা হয়েছে।

০২। সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারগণ মোটরসাইকেলটি ক্লাব পরিদর্শন এবং অত্র প্রকল্পের দাপ্তরিক কাজের জন্য ব্যবহার করতে পারবেন। কর্মরত ফিল্ড সুপারভাইজারগণ প্রকল্পের মেয়াদ শেষে বর্ণিত মোটরসাইকেল যথাযথ কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করবেন। বর্ণিত কাজে জ্বালানী বাবদ প্রতি মাসে ২,০০০/- (দুই হাজার) টাকার সংস্থান আছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ভ্রমণ বিবরণীর আলোকে (ক্লাব পরিদর্শন বিবরণী/প্রতিবেদন এবং প্রকল্পে দাপ্তরিক কাজের) আইবাসের মাধ্যমে সংশ্লিষ্ট জেলায় জ্বালানী বাবদ বরাদ্দ প্রেরণ করা হবে।

০৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারগণের ভ্রমণ বিবরণী অনুমোদনপূর্বক যথাযথভাবে জ্বালানী বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলন করার জন্য তাকে বলা হল। উল্লেখ্য শীঘ্রই আইবাসের মাধ্যমে মোটরসাইকেলের জন্য জ্বালানী ও গ্যাস খাতে বরাদ্দ প্রদান করা হবে।

তারিখ: ২৩/০৬/২০২২

মো: তরিকুল আলম

(যুগ্ম-সচিব)

প্রকল্প পরিচালক (অ:দা:)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপ-পরিচালক (সকল জেলা)

মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)।

০৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)।

০৪। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৫। ফিল্ড সুপারভাইজার (সকল জেলা)।

০৫। অফিস কপি।